কোটচাঁদপুর পল্লীতে পানের ক্ষেতে থেকে গৃহবধূর লাশ উদ্ধার

গতকাল বৃহস্পতিবার রাত ৮ টার সময় বাড়ি থেকে নিখোঁজ হন গৃহবধূ সালমা খাতুন (২৭) আর শুক্রবার সকালে কোটচাঁদপুরে পল্লীর বাড়ির পাশের পানের ক্ষেতে খোঁজ মিললো গৃহ বধূর মৃত দেহ। খবর পেয়ে শুক্রবার দুপুরে কোটচাঁদপুর থানা পুলিশ গৃহবধুর মৃত দেহ উদ্ধার করেছেন।

জানা যায়,গেল ২০ বছর আগে তরিকুল ইসলামের সঙ্গে বিয়ে হয় আমার বোন সালমা খাতুনের। দুই ছেলে মেয়ের জনক তারা। তিনি বলেন, বৃহস্পতিবার রাত ৭ টা বাজে। এ সময় আমার বোন সালমার মেয়ে মোবাইল করে বলেন, তোমাদের বোন কার সঙ্গে চলে গেছে। সে সময় থেকে আমরা চিন্তিত ছিলাম। রাতে ভাল করে ঘুমও হয়নি আমাদের। শুক্রবার সকালে জানতে পারি সালমার মৃত্যুর খবর।

কমলা অভিযোগ তুলে বলেন,আমার বোনাই তরিকুল ইসলাম তাকে মেরে ফেলেছেন। বিয়ের পর থেকে বোনাই বোনকে অত্যাচার করেন। কয়েক দিন আগে ও বোন কে মারার জন্য সারা পাড়া দৌড় করিয়েছেন। আমরা তাঁর বিচার চায়। সালমা খাতুন ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডের খলসি গ্রামের মৃত হায়দার আলীর মেয়ে।

স্বামী তরিকুল ইসলাম বলেন,বিকেলে ছেলেকে নিয়ে বাজারে গিয়ে ছিলাম। এরপর রাত ৮ টার দিকে বাজার থেকে বাড়ি এসে জানতে পারলাম সে বাড়ি নাই। সে সময় আশে পাশে খোজ করি। কিন্তু না পেয়ে বাসায় ফিরে আসি।

তিনি বলেন,আমার সন্দেহ ছিল সালমা কারোর সঙ্গে চলে গেছে। কারন আমি জানতাম সে বারবাজারের একজনের সঙ্গে কথা বলেন। সে মোতাবেক শুক্রবার সকাল তাকে খোঁজ করতে বের হই বাড়ি থেকে । পরে বেলা ১১ টার সময় মোবালের মাধ্যমে জানতে পারি তাঁর মৃত্যুর সংবাদ।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর সার্কেলের (অতিরিক্ত) পুলিশ সুপার মুন্না মিয়া বলেন,দেখে তেমন কিছু বোঝা যাচ্ছে না। আসলে এটা কি হত্যা না আত্মহত্যা। তবে কিসে যেন তাঁর নাক ও কান খেয়ে গেছে। তদন্ত শুরু হয়েছে, তদন্ত শেষে বিস্তারিত বলা সম্ভব হবে। পুলিশ

তাঁর মৃত দেহ উদ্ধার করে ময়না তদন্তে জন্য কোটচাঁদপুর থানায় নিয়ে এসেছেন।

এ দিকে জিজ্ঞাসাবাদের জন্য স্বামী তরিকুল ইসলাম কে থানায় আনা হয়েছে বলে নিশ্চিত করেছেন কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল- মামন।

ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির বার্ষিক সদস্য সভা অনুষ্ঠিত

“জ্বলছে আলো চলছে দেশ, এগিয়ে যাচ্ছে বাংলাদেশ” এই শ্লোগানে ও বর্নাঢ্য আয়োজনের মধ্য দিয়ে ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির ২৭ তম বার্ষিক সদস্য সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকালে পল্লী বিদ্যুৎ সমিতির কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। এতে পল্লী বিদ্যুৎ সমিতি পরিচালনা বোর্ডের সভাপতি সাহিদুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-মাগুরা সংরক্ষিত মহিলা আসনের এমপি বিদ্যুৎ খনিজ ও জ্বালানী সম্পদ মন্ত্রনালয়ের সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার প্রকৌশলী ইমদাদুল ইসলাম।

সেসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পল্লী বিদ্যুৎ সমিতির ডেপুটি জেনারেল ম্যানেজার আবু তৈয়ব মোঃ জহুরুল আলম, পল্লী বিদ্যুৎ সমিতি পরিচালনা বোর্ডের সহ-সভাপতি তপতী বিশ^◌াস, সচিব নজরুল ইসলাম, কোষাধ্যক্ষ গোলাম সরওয়ার, এলাকা পরিচালক মোস্তাফিজুর রহমান সহ অন্যন্যা কর্মকর্তাবৃন্দ।

এসময় বক্তারা পল্লী বিদ্যুৎ সমিতির সকল উন্নয়ন মূলককর্মকান্ড তুলে ধরে বলেন বাংলাদেশের প্রতিটি জেলার মত ঝিনাইদহ জেলার প্রতিটি ঘরে ঘরে বিদ্যুতের আলো পৌছে গেছে। বিদ্যুৎ আধুনিক সভ্যতার চাবিকাঠি। আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নসহ সার্বিক

উন্নয়নে এবং আধুনিক সভ্য জীবনে বিদ্যুতের গুরুত্ব অপরিসীম। ঝিনাইদহ পল্লী বিদ্যুৎ সমিতি ১৯৯৫ সালে অগ্রযাত্রা শুরু করে সুনামের সাথে বিভিন্ন শ্রেণীর প্রায় ৫ লাখ গ্রাহকের সেবা প্রদান করে চলেছেন।

ঝিনাইদহে কৃষকদের মাঝে সার, বীজ ও গাছের চারা বিতরণ

অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপনের জন্য সরকারী ভাবে কৃষকদের মাঝে ফলজ গাছের চারা, সার এবং সাক-সবজির বীজ প্রদান করা হয়েছে।

বুধবার সকালে ঝিনাইদহ সদর উপজেলা কৃষি সম্প্রসারণ বিভাগের উদ্যোগে, অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন প্রকল্পের আওতায় সদর উপজেলার ২৫০টি পরিবারের মাঝে এসব বিতরণ করা হয়।

এসময় ঝিনাইদহ সদর উপজেলা কৃষি অফিসার নূর-এ-নবী, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রাকিবুল ইসলাম, উপজেলা অতিরিক্ত কৃষি অফিসার মুহাম্মদ জুনাইদ হাবীব ও সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার মনিরুজ্জামানসহ বিভিন্ন ইউনিয়নের উপসহকারী কৃষি কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

উপজেলার ২৫০টি পরিবারের মাঝে আম, কাঠাল, জলপাই, পেয়ারাসহ ১০টি করে বিভিন্ন ফলজ গাছের চারা, বিভিন্ন প্রকারের ১৮ কেজি রাসায়নিক সার, ১০ কেজি জৈব সার ও ১০প্যাকেট করে সাব-সবজির বীজ প্রদান করা হয়।

ঝিনাইদহে অনূর্ধ্ব ১৫ ফুটবলার বাছাই ও মাসব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন

ঝিনাইদহে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৩-২৪ এর আওতায় ডেভলপমেন্ট কাপ ফুটবল বালক (অনূধর্ব-১৫) বাছাই ও মাসব্যাপী প্রশিক্ষণের উদ্বোধন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকালে জেলা ক্রীড়া অফিসের আয়োজনে ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ প্রশিক্ষণের উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায়।

সেসময় উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী, সদর উপজেলার চেয়ারম্যান (ভারঃ) রাশিদুর রহমান রাসেল, জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার প্রমূখ।

মাদক ব্যবসায়ীর কোন ছাড় নেই –এমপি সালাহউদ্দিন মিয়াজি

মাদক ব্যবসায়ীর কোন ছাড় নেই। মাদক ব্যবসায়ী কোন রাজনৈতিক দলের নেতা বা কর্মী হতে পারে না। তারা দেশ ও জাতির শত্রু। যদি কেউ রাজনৈতিক দলের নাম ভাঙিয়ে মাদক ব্যবসা করে এমন প্রমান পাওয়া যায় তাহলে তাকে দ্রুত আইনের আওতায় আনতে হবে। যা প্রশাসনের একার পক্ষে সম্ভব না। মাদক একটি সামাজিক ব্যাধি যা থেকে পরিত্রান পাওয়া অত্যন্ত জরুরী তা না হলে ধ্বংস হয়ে যাবে দেশ। নিজ নিজ এলাকার মাদক ব্যবসায়ীদের তালিকা তৈরি করে আইনশৃঙ্খলা বাহিনী কে তথ্য দিন। বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা মাদককে জিরো টলারেন্স ঘোষণা করেছে। মাদকমুক্ত একটি সুশিক্ষিত জাতি গঠন অত্যন্ত জরুরী বলে মনে করছি।

কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় মাদক বিরোধী সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ঝিনাইদাহ ৩ আসনের সাংসদ সদস্য (অবঃ) মেজর জেনারেল সালাহউদ্দিন মিয়াজি।

আজ মঙ্গলবার (২৩ শে জানুয়ারি)সকালে “মাদক নয়, মৃত্যু নয়, মাদক মুক্ত জীবন চাই”এই প্রতিপাদ্য মাদকদ্রব্যের অপব্যবহার রোধ,ক্ষতিকর মাদক মির্মূল এবং মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষে কোটচাঁদপুর উপজেলা পরিষদ অফিসার্স ক্লাব মিলনায়তনে এ মাদকবিরোধী সেমিনার অনুষ্ঠিত হয়। মাদকবিরোধী সেমিনারে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

সে সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি,উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মডেল থানার তদন্ত ওসি জগন্নাথ চন্দ্র, উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা আব্দুর রশিদ,বীর মুক্তিযোদ্ধা তাজুল ইসলাম,ইউপি চেয়ারম্যান আব্দুল মান্নান, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক রাজিব, বীর জনতা পত্রিকা স্টাফ রিপোর্টার আব্দুল্লাহ বাশার, আজকের পত্রিকার সুব্রত কুমার প্রমুখ।

মাদক বিরোধী সেমিনার পরিচালনা করেন জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের সহকারী পরিচালক গোলক মজুমদার। এ সময় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মকর্তা কর্মচারী, সাংবাদিক, শিক্ষক সহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে ট্রাক ও সিএনজির মুখোমুখি সংঘর্ষে ২ জন নিহত

ঝিনাইদহের মহেশপুরে ট্রাক ও সিএনজি মুখোমুখি সংঘর্ষে ২ জন নিহত হয়েছে। আহত হয়েছে আরও ৪ জন। মঙ্গলবার সকালে মহেশপুর খালিশপুর সড়কের ভালাইপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলো-উপজেলার পান্তাপাড়া গ্রামের মৃত গনি হাজির ছেলে কাশেম মিয়া (৬০) ও ঘুগড়ী গ্রামের রিমা মালিতার ছেলে আলমগীর মালিতা (২৫)।

স্থানীয়রা জানায়, সিএনজি যোগে কয়েকজন যাত্রী মহেশপুর থেকে খালিশপুরের দিকে যাচ্ছিলো। পথে ঘটনাস্থলে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি বালি বোঝায় ট্রাকের সাথে সিএনজির মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই কাশেম মিয়া ও আলমগীর হোসেন মারা যায়। আহত হয় আরও ৪জন। তাদের উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গিলে ১ জনকে যশোর রেফার্ড করা হয়।

মহেশপু থানার ওসি মাহাব্বুর রহমান দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করে বলেন, দুর্ঘটনায় আহতদের মহেশপুর হাসপাতালে ভর্তি করা হয়েছে। মরদেহ থানায় রাখা আছে। মরদেহ ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠানো হবে।

ঝিনাইদহে অসহায় গরীব ও দুস্থ্যদের মাঝে শীত বস্ত্র বিতরণ

ঝিনাইদহে কন কনে শীতে অসহায়,গরীব ও দুস্থ্যদের মাঝে শীত বস্ত্র বিতরণ করা হয়েছে। সোস্যাল ইসলামী ব্যাংক ও সিও সংস্থার যৌথ উদ্দ্যোগে মঙ্গলবার বিকেলে ঝিনাইদহ সদর উপজেলার পাগলাকানাই ইউনিয়নের বাড়ী বাথান, ফকিরাবাদ ও বেড়বাড়ী গ্রামে শীত বস্ত্র বিতরণ করা হয়।

শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানের উদ্ধোধন করেন পাগলাকানাই ইউনিয়নের চেয়ারম্যান আবু সাইদ বিশ্বাস। এ সময় উপস্থিত ছিলেন সিও সংস্থার স্বত্তাধীকারী সাহিদা খাতুন, সহকারী পরিচালক তোফাজ্জেল হোসেন, প্রধান হিসাব রক্ষক বদরুল আমীন, ল অফিসার হোসনে আরা পারভীন বৃষ্টি, আইন সহায়ক শামীম খানসহ যশোর সোস্যাল ইসলামী ব্যাংকের কর্মকর্তারা।

সেসময় ওই এলাকার প্রায় ২ শত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়। শীত বস্ত্র পেয়ে অসহায় হতদরিদ্র মানুষগুলো সন্তুষ্টি প্রকাশ করেন।

হরিনাকুণ্ডুতে সহকারী শিক্ষিকার রুহের মাগফিরাত কামনা ও দোয়া মাহফিল

ঝিনাইদহের হরিনাকুণ্ডু উপজেলার আন্দুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ের দুরারোগ্য ক্যান্সারে মৃত্যুবরণকারী সহকারী শিক্ষিকা মমতাজ বেগম-এর রুহের মাগফিরাত কামনার্থে এক স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমাবার দুপুরে উপজেলার আন্দুলিয়া মাধ্যমিক বিদ্যালয়ে এই স্মরণসভা অনুষ্ঠিত হয়। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হাসান মাহমুদ ইমামের সভাপতিত্বে এবং ইমরুল কায়েস ও মুস্তাফিজুর রহমান টুটুলের যৌথ সঞ্চালনায় এই দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

বেসরকারি শিক্ষক কর্মচারী ফোরামের উদ্যোগে আয়োজিত স্মরণসভায় বক্তব্য রাখেন ফোরামের সভাপতি অধ্যক্ষ এম মোক্তার আলী, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক অধ্যক্ষ শহিদুল ইসলাম, জোড়াদহ কলেজের অধ্যক্ষ শিক্ষক নেতা শরিফুল ইসলাম, অধ্যক্ষ মাওঃ আসাদুজ্জামান, অধ্যক্ষ রবজেল হোসেন, প্রধান শিক্ষক সিরাজ উদ্দীন, সহকারি শিক্ষক কামরুজ্জামান, মরহুমার স্বামী ফিরোজ আলম (ফারুক), এসএসসি পরীক্ষার্থী হুমায়রা ইসমাত মহিমা প্রমূখ।

পরিশেষে স্মরণসভার সমন্বয়ক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাসুদুল হক টিটু সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে বক্তব্য রাখেন। স্মরনসভা শেষে মরহুমার রুহের মাগফিরাত কামনা করে দোয়ামাহফিল অনুষ্ঠিত হয়। দোয়া পরিচালনা করেন মাওঃ আব্দুর রশিদ। স্মরনসভায় বিভিন্ন স্কুল, কলেজ ও মাদ্রাসার প্রধান ও তাদের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

ঝিনাইদহে ৬৪০পিচ ইয়াবাসহ ২ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহ সদর উপজেলার পদ্মাকর গ্রাম থেকে ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। রোববার রাতে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো-পদ্মাকর ইউনিয়নের চাপড়ী গ্রামের দয়াল চন্দ্র বিশ্বাসের ছেলে দীপ্ত কুমার বিশ্বাস (৩২) ও শৈলকুপা উপজেলার দেবতলা গ্রামের ইখতিয়ার মন্ডলের ছেলে জাহিদ হাসান (৩৫)।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন জানান, পদ্মাকর গ্রামে মাদক ক্রয়-বিক্রয় হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সদর থানার হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ আহসানুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে অভিযান চালায়। সেসময় দীপ্ত কুমার ও জাহিদ হাসান নামের দুইজনকে আটক করা হয়। সেসময় তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ৬৪০ পিচ ইয়াবা ও মাদক বিক্রির নগদ ২৫ হাজার টাকা। এ ঘটনায় সদর থানায় মামলা হয়েছে। তাদের বিরুদ্ধে সদর থানাসহ বিভিন্ন থানায় একাধিক মামলা আছে বলে জানিয়েছে পুলিশ।

প্রাকৃতিক বিপর্যয় থেকে রক্ষা পেতে ঝিনাইদহে সামাজিক বনায়ন কর্মসূচী

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার লাঙ্গলবাঁধ এলাকার খালের পাড়ে শোভা পাচ্ছে দৃষ্টিনন্দন বাগান। এখানে রোপন করা হয়েছে চিকরাশি, জারুল, অর্জুন, খয়ের, সোনালু, বাবলা, শিমুল, শিশু, মেহগনি, নিম, বহেরা, হরিতকিসহ প্রায় ১৮ টি বিভিন্ন প্রজাতির গাছ।

সবুজায়নের ফলে প্রাকৃতিক পরিবেশ সুন্দর ও উন্নত হয়েছে সেই সাথে অক্সিজেন সরবরাহের উৎস হিসেবে কাজ করছে এই বাগানটি।

জানা যায়, যশোর সামাজিক বন বিভাগ ঝিনাইদহের শৈলকুপা উপজেলায় ২০২১-২২ অর্থ বছরে জিকে প্রধান সেচখালের ডাউটিয়া ব্রীজ হতে লাঙ্গলবাঁধ বাজার পর্যন্ত ১০ কিলোমিটার এলাকা জুড়ে অন্তত ১০ হাজার টি গাছের চারা রোপণ করেছে। বাগানের দেখভাল করলে ওই এলাকার ৫৭ জন উপকারভোগী। যার মধ্যে পুরুষ ৫২ জন ও মহিলা ৫ জন।

সংশ্লিষ্টরা জানায়, আগামী ১০ বছর পর বাগানের গাছ বিক্রি করে বিক্রয়লব্ধ অর্থের ৫৫ শতাংশ লভ্যাংশ উপকারভোগী সদস্যের মাঝে সমভাবে প্রদান করা হবে। এছাড়া ভূমি মালিক ও স্থানীয় ইউনিয়ন পরিষদকেও সামাজিক বনায়নের নীতিমালা আলোকে লভ্যাংশ প্রদান করা হবে। বাগানটি উপকারভোগী সদস্যগণ স্বতঃস্ফূর্তভাবে রোপিত গাছে পাহারা কাজে সহযোগিতা করছেন।

নবায়নের সভাপতি স্থানীয় বাসিন্দা সুজন মিয়া বলেন, এই খাল পাড়ে আগে কোন গাছ ছিলো না। সামাজিক বন বিভাগ এখানে গাছ রোপন করেছে। এতে যেমন এলাকার সৌন্দর্য বৃদ্ধি পেয়েছি। তেমনি এই এলাকার খাল পাড়ের ভুমি ধ্বস রক্ষা পাবে।

স্থানীয় বাসিন্দা আলী হোসেন বলেন, জিকে সেচ খালের পাড়ে অন্তত ১৮ টি জাতের গাছ রোপন করা হয়েছে। গাছ স্থানীয় লোকজন পরিচর্যা ও পাহারা দিচ্ছে। এ ভাবে যদি গাছ বাড়তে থাকে তাহলে বন বিভাগের এ ধরণের বনায়ন কর্মসূচির কারণে পতিত এ জায়গায় অচিরেই লক্ষ লক্ষ টাকা বৃক্ষ সম্পদে পরিণত হবে।

ঝিনাইদহ বন বিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা জাকির হোসেন বলেন, লাঙ্গলবাঁধ এলাকার খালের পাড়ে সৃজিত বাগানটি এলাকায় দৃষ্টিনন্দন অবস্থার সৃষ্টি করেছে। বিভিন্ন প্রজাতির পাখ-পাখালি কলরবে বাগানটি পরিপূর্ণ। বাগানটি ভূমিক্ষয়, বাঁধ সংরক্ষণ ও প্রাকৃতিক বিপর্যয় রোধে সহায়তা করছে। স্থানীয় কৃষক ও পথিকগণ গাছর ছায়ায় বিশ্রাম নিয়ে থাকেন। বাগানটি আর্থ সামাজিক উন্নয়নের সাথে সাথে প্রাকৃতিক পরিবেশের উন্নয়ন সাধন করে করছে। শৈলকুপা উপজেলায় বন বিভাগের এই ধরনের বনায়ন কর্মসূচি চলমান থাকবে।